

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১. হযরত আদম (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## আদমের পাঁচটি শ্রেষ্ঠত্ব

(১) আল্লাহ তাকে নিজ দু'হাতে সৃষ্টি করেছেন (ছোয়াদ ৩৮/৭৫)। (২) আল্লাহ নিজে তার মধ্যে রূহ ফুঁকে দিয়েছেন (ছোয়াদ ৩৮/৭২)। (৩) আল্লাহ তাকে সকল বস্তুর নাম শিক্ষা দিয়েছেন (বাক্বারাহ ২/৩১)। (৪) তাকে সিজদা করার জন্য আল্লাহ ফেরেশতাদের নির্দেশ দিয়েছেন (বাক্বারাহ ২/৩৪)। (৫) আদম একাই মাত্র মাটি থেকে সৃষ্ট। বাকী সবাই পিতা-মাতার মাধ্যমে সৃষ্ট (সাজদাহ ৩২/৭-৯)।

ইবলীসের অভিশপ্ত হওয়ার কারণ ছিল তার কিয়াস। সে আল্লাহর আদেশের বিরুদ্ধে যুক্তি পেশ করে বলেছিল, 'আমি আদমের চাইতে উত্তম। কেননা আপনি আমাকে আগুন দিয়ে সৃষ্টি করেছেন এবং তাকে সৃষ্টি করেছেন মাটি দয়ে' (হিজর ২৯)। মুহাম্মাদ ইবনু সীরীন বলেন, اول من قاس ابلیس 'প্রথম কিয়াস করেছিল ইবলীস'। হাসান বছরীও অনুরূপ বলেছেন।[12]

## ফুটনোট

[12]. আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ ১/৬৬।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2155

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন